

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৮২১

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৪৯. গুনাহ ও অহংকার না করা সম্পর্কে।

باب فِي النَّهْيِ عَنِ الْبَغْيِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ بْنِ سُفْيَانَ، أَخْبَرَنَا عَلِيُّ بْنُ ثَابِتٍ، عَنْ عِكْرِمَةَ بْنِ عَمَّارٍ، قَالَ حَدَّثَنِي ضَمْضَمُ بْنُ جَوْسٍ، قَالَ قَالَ أَبُو هُرَيْرَةَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " كَانَ رَجُلَانِ فِي بَنِي إِسْرَائِيلَ مُتَاخِيَيْنِ فَكَانَ أَحَدُهُمَا يُذْنِبُ وَالْآخَرُ مُجْتَهِدٌ فِي الْعِبَادَةِ فَكَانَ لَا يَزَالُ الْمُجْتَهِدُ يَرَى الْآخَرَ عَلَى الذَّنْبِ فَيَقُولُ أَقْصِرْ . فَوَجَدَهُ يَوْمًا عَلَى ذَنْبٍ فَقَالَ لَهُ أَقْصِرْ فَقَالَ خَلْنِي وَرَبِّي أَبْعَثَتْ عَلَيَّ رَقِيبًا فَقَالَ وَاللَّهِ لَا يَغْفِرُ اللَّهُ لَكَ أَوْ لَا يَدْخِلُكَ اللَّهُ الْجَنَّةَ . فَقَبِضَ أَرْوَاحُهُمَا فَاجْتَمَعَا عِنْدَ رَبِّ الْعَالَمِينَ فَقَالَ لِهَذَا الْمُجْتَهِدِ أَكُنْتَ بِي عَالِمًا أَوْ كُنْتَ عَلَى مَا فِي يَدَي قَادِرًا وَقَالَ لِلْمُذْنِبِ اذْهَبْ فَادْخُلِ الْجَنَّةَ بِرَحْمَتِي وَقَالَ لِلْآخَرِ اذْهَبُوا بِهِ إِلَى النَّارِ " . قَالَ أَبُو هُرَيْرَةَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَتَكَلَّمَ بِكَلِمَةٍ أَوْبَقَتْ دُنْيَاهُ وَآخِرَتَهُ .

বাংলা

৪৮২১. মুহাম্মদ ইবন সাব্বাহ (রহঃ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ বনু ইসরাঈলের মধ্যে দু'ব্যক্তি সমান সমান ছিল, যাদের একজন সব সময় গুনাহের কাজে লিপ্ত থাকতো এবং অপর ব্যক্তি ইবাদতে মশগুল থাকতো। আবেদ লোকটি তাকে গুনাহে লিপ্ত থাকতে দেখে বললোঃ তুমি এ থেকে বিরত থাক। তখন সে ব্যক্তি বলেঃ তুমি আমাকে আমার রবের হাতে সোপর্দ কর। আচ্ছা তোমাকে কি আমার পাহারাদার নিযুক্ত করা হয়েছে? একথা শুনে আবেদ লোকটি বলেঃ আল্লাহ্র শপথ! আল্লাহ্ তোমাকে মাফ করবেন না। এরপর তারা দু'জন মারা গেলে, তাদের রুহকে আল্লাহ্র সামনে পেশ করা হয়। তখন আল্লাহ্ আবেদ লোকটিকে জিজ্ঞাসা করেনঃ তুমি কি আমার অবস্থা সম্পর্কে জানতে, আর না তুমি আমার উপর কর্তৃত্ববান ছিলে? এরপর আল্লাহ্ গুনাহগার লোকটিকে বলেনঃ তুমি আমার রহমতে বেহেশতে প্রবেশ কর। আর তিনি আবেদ লোকটি সম্পর্কে বলেনঃ তাকে জাহান্নামে নিয়ে যাও।

রাবী আবু হুরায়রা (রাঃ) বলেনঃ ঐ আল্লাহর কসম! যার নিয়ন্ত্রণে আমার জীবন! আবেদ লোকটি (অহংকার ভরে) এমন কথা বলেছিল, যার কারণে তার দুনিয়া ও আখিরাত উভয়ই বরবাদ হয়ে যায়।

English

Narrated AbuHurayrah:

I heard the Messenger of Allah (ﷺ) say: There were two men among Banu Isra'il, who were striving for the same goal. One of them would commit sin and the other would strive to do his best in the world. The man who exerted himself in worship continued to see the other in sin.

He would say: Refrain from it. One day he found him in sin and said to him: Refrain from it.

He said: Leave me alone with my Lord. Have you been sent as a watchman over me? He said: I swear by Allah, Allah will not forgive you, nor will he admit you to Paradise. Then their souls were taken back (by Allah), and they met together with the Lord of the worlds.

He (Allah) said to this man who had striven hard in worship; Had you knowledge about Me or had you power over that which I had in My hand? He said to the man who sinned: Go and enter Paradise by My mercy. He said about the other: Take him to Hell.

AbuHurayrah said: By Him in Whose hand my soul is, he spoke a word by which this world and the next world of his were destroyed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36927>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন